দৈনিক বাংলা

তারিখ 05 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৮

# রাজশাহীতে শিক্ষক সমিতির মহাসচিব প্রহৃত

নিজস্ব সংবাদদাতা : রাজশাহী, ৪ জানুয়ারি।–বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলামকে আজ রাজশাহী শিক্ষা বোর্ডের কতিপয় উচ্ছৃংখল কর্মচারী মারধর করে।

রাজপাড়া থানা সূত্রে জানা গেছে, দীর্ঘদিন থেকে শিক্ষক সমিতি দেশের শিক্ষা বোর্ডগুলিতে দুর্নীতি বন্ধের জন্য জাতীয় শিক্ষা বোর্ড গঠন ও বোর্ডগুলির মধ্যে কর্মচারী কর্মকর্তাদের বদলী প্রথা চালু, স্বায়ত্তশাসনের নামে কর্মচারীদের অহেতুক সুযোগ প্রদানের মাধ্যমে অর্থের অপচয় বন্ধসহ বিভিন্ন দাবীতে আন্দোলন করে আসছিল। এইসব দাবীর শ্লোগান সংবলিত পোষ্টার গতকাল বোর্ড প্রাঙ্গণে লাগানো হলে কর্মচারীরা শিক্ষক সমিতির নেতৃবৃন্দের উপর চটে যায়। আজ সকালে মহাসচিব নজরুল ইসলাম বিভিন্ন স্কুলের সমস্যা নিয়ে চেয়ারম্যানের সাথে আলোচনার জন্য বোর্ডে প্রবেশের সময় একদল কর্মচারী তার উপর চড়াও হয় এবং তাকে মারধর করে। এই ব্যাপারে থানায় একটি জিডি করা হয়েছে।

আজ সন্ধ্যায় শিক্ষক সমিতির রাজশাহীস্থ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ আজকের এই ঘটনার জন্য নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে আগামীকাল বেলা ১২টায় রাজশাহী মুসলিম হাইস্কুল প্রাঙ্গণে এক শিক্ষক সমাবেশের ডাক দিয়েছেন।